

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৭৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫৭. ঘরে সালাত আদায়ের পর পুনরায় জামা আতে আদায় করা

باب فِيمَنْ صلَّى فِي مَنْزِلِهِ ثُمَّ أَدْرَكَ الْجَمَاعَةَ يُصلِّي مَعَهُمْ

#### আরবী

حَدَّتَنَا حَفْصُ بْنُ عُمَرَ، حَدَّتَنَا شُعْبَةُ، أَخْبَرَنِي يَعْلَى بْنُ عَطَاءٍ، عَنْ جَابِرِ بْنِ يَزِيدَ بْنِ الْأَسْوَدِ، عَنْ أَبِيهِأَنَّهُ صَلَّى مَعَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم وَهُوَ غُلَامٌ شَابٌ فَلَمَّا صَلَّى إِذَا رَجُلَانِ لَمْ يُصلِّيا فِي نَاحِيَةِ الْمَسْجِدِ فَدَعَا بِهِمَا فَجِيءَ بِهِمَا تُرْعَدُ فَرَائِصِهُمَا عَلَى إِذَا رَجُلَانِ لَمْ يُصلِّيا فِي نَاحِيةِ الْمَسْجِدِ فَدَعَا بِهِمَا فَجِيءَ بِهِمَا تُرْعَدُ فَرَائِصِهُمَا فَقَالَ " مَا مَنَعَكُمَا أَنْ تُصلِّيا مَعَنَا " . قَالَا قَدْ صَلَّيْنَا فِي رِحَالِنَا . فَقَالَ " لَا تَفْعَلُوا إِذَا صَلَّى أَحَدُكُمْ فِي رَحْلِهِ ثُمَّ أَدْرَكَ الإِمَامَ وَلَمْ يُصلِّ فَلْيُصلِّ مَعَهُ فَإِنَّهَا لَهُ نَافِلَةٌ " . صَلَّى أَحَدُكُمْ فِي رَحْلِهِ ثُمَّ أَدْرَكَ الإِمَامَ وَلَمْ يُصلِّ فَلْيُصلِّ مَعَهُ فَإِنَّهَا لَهُ نَافِلَةٌ " . صحيح

#### বাংলা

৫৭৫। জাবির ইবনু ইয়াযীদ ইবনু আসওয়াদ তার পিতার সূত্রে বর্ণনা করে বলেন, তিনি যুবক বয়সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে সালাত আদায় করেন। সালাত শেষে দেখা গেল, দু'জন লোক সালাত আদায় না করে মসজিদের কোণে বসে আছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে ডাকলেন। তারা এরূপ অবস্থায় আসল যে, ভয়ে তাদের পাঁজরের মাংস কাঁপছিল। তিনি বললেনঃ আমাদের সাথে সালাত আদায় করতে কোন জিনিস তোমাদেরকে বাধা দিল? তারা বলল, আমরা তো ঘরে সালাত আদায় করেছি। তিনি বললেনঃ তোমরা এরূপ করবে না। তোমাদের কেউ ঘরে সালাত আদায়ের পর ইমামকে এসে সালাত আদায়রত পেলে সে যেন তার সাথে সালাত আদায় করে। যা তার জন্য নফল হিসেবে গণ্য হবে।[1]

সহীহ।

## **English**

Narrated Yazid ibn al-Aswad:

Yazid prayed along with the Messenger of Allah (ﷺ) when he was a young



boy. When he (the Prophet) had prayed there were two persons (sitting) in the corner of the mosque; they did not pray (along with the Prophet). He called for them. They were brought trembling (before him). He asked: What prevented you from praying along with us? They replied: We have already prayed in our houses. He said: Do not do so. If any of you prays in his house and finds that the imam has not prayed, he should pray along with him; and that will be a supererogatory prayer for him.

### ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায়ঃ সালাত, অনুঃ কোনো ব্যক্তির একাকী সালাত আদায়, হাঃ ২৯৯), নাসায়ী (অধ্যায়ঃ ইমামাত, হাঃ ৮৫৭), দারিমী (১/৩৬৭), আহমাদ (৪/১৬১), সকলেই ইয়ালা ইবনু আত্বা সূত্রে।

হাদীস থেকে শিক্ষাঃ

- ১। কেউ ঘরে সালাত আদায়ের পর মসজিদে এসে জামা'আতে সালাত আদায় হতে দেখলে তার উচিত, জামা'আতে শামিল হয়ে তাদের সাথে সালাত আদায় করে। চাই তা পাঁচ ওয়াক্ত সালাতের যে কোনো ওয়াক্তেরই সালাতই হোক না কেন, সেটা তার জন্য নাফল হিসেবে গণ্য হবে।
- ২। একাকী সালাত আদায় জায়িয আছে, জামা'আতে সালাত আদায়ের সামর্থ্য থাকা সত্ত্বেও যদিও জামা'আত ত্যাগ করা মাকরহ বা অপছন্দনীয়। (উল্লেখ্য, জামা'আতের সাথে সালাত আদায় করাই অতি উত্তম, গুরুত্বহ এবং বেশি ফাযীলাতপূর্ণ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ জাবের ইবনে ইয়াযীদ ইবনুল আসওয়াদ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন